

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি) কর্পোরেট শাখা, ঢাকা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ (৩) ধারা মোতাবেক

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কর্পোরেট শাখা, ঢাকা এর ঋণ গ্রহীতা জনাব মোঃ মুজিবুর রহমান খান এলিয়াস মুজিব খান, পিতা-মৃত ফজলে আলী খান, বাসা/হোল্ডিং-ই/৬, ফ্ল্যাট-জি/১, রাস্তা-১০৪, গুলশান-২, ঢাকা-১২১২, ব্যবসায়িক ঠিকানাঃ ৩৯, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫ কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা ঋণ অনুমোদন পত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৫/০৬/২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের সর্বমোট পাওনা ৩৯,৮৩,৮৪,৯২৯.১০ (উনচল্লিশ কোটি তিরিশি লক্ষ চুরাশি হাজার নয়শত উনত্রিশ টাকা দশ পয়সা মাত্র) টাকা এবং অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ সহ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্য ফি.পন.পড়স.নফ ওয়েবসাইটে পাওয়া যাইবে।

SCHEDULE OF THE PROPERTY

Flat number-2nd, 3rd, 4th and 5th floors of the Apartments Building named 'Flamingo Point' measuring 21453.43 (Twenty one thousand four hundred fifty three point four three) square feet floor space and 8 car parking along with undivided and undemarcated 0.0492 (Zero point zero four nine two) acres of land constructed on Plot Number-2, Block Number-CWN (C), Mouza-Gulshan Residential Area, P.S.-Gulshan, Dist.-Dhaka, Municipal Holding Number-108, Gulshan, Dhaka.

নিলামের শর্তাবলী

- ১। আগামী ১০/০৭/২০২৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কর্পোরেট শাখায় রক্ষিত বাস্তব দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে।
- ২। দরপত্রদাতার নাম, পিতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, ফোন নম্বর (যদি থাকে) ও প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া সীলমোহরকৃত খামে দাখিল করিতে হইবে।
- ৩। নিলাম দরপত্রের সহিত নিলাম দরপত্রদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
- ৪। তফসিলভুক্ত সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ৫। প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কর্পোরেট শাখা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৬। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০০,০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার

পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিবে।

৭। উপরে বর্ণিত ক্রমিক নম্বর ৬ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে কর্তৃপক্ষ ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহ্বত হইবার পর ৬ নম্বর ক্রমিকে নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিতে ব্যর্থ হইলে কর্তৃপক্ষ তাহার জামানতের টাকা বাজেয়াপ্ত করিবে।

৮। দরপত্রের প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা ক্রমিক নম্বর ৫ ও ৬ নম্বরে বর্ণিত শর্ত ভঙ্গ করিলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

৯। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির গুণ, মান, পরিমাণ ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

১০। দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেওয়া হইবে।

১১। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১২। তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানের যথাঃ সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদিসহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করিতে হইবে।

১৩। সম্পত্তি রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য ট্যাক্স ক্রেতাকে বহন করিতে হইবে।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কর্পোরেট শাখা, ঢাকা।